



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**15 May 2026**

**7:35 AM IST**

নির্বাচন কমিশন ত্রিপুরা , মনিপুর , মেঘালয় , মিজোরাম , নাগাল্যান্ড , অরুণাচল প্রদেশ ও সিকিম সহ মোট ১৬টি রাজ্য ও ৩টি কেন্দ্র শাসিত অঞ্চলে পর্যায়ক্রমে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া ( এস আই আর ) শুরু করার কথা ঘোষণা করেছে । উত্তর পূর্বাঞ্চলের এই ৭টি রাজ্য ছাড়াও অন্যান্য যেসব রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলে এস আই আর প্রক্রিয়া শুরু হবে সেগুলো হলো অন্ধ্র প্রদেশ , হরিয়ানা , ঝাড়খন্ড , কর্ণাটক , মহারাষ্ট্র , উত্তরাখন্ড , তেলেঙ্গানা , পাঞ্জাব , ওড়িশ্যা , দিল্লী , চন্ডিগড় , দামন ও দিউ । সমগ্র দেশে চূড়ান্ত এবং শুদ্ধ ভোটার তালিকা প্রস্তুত করার লক্ষ্যেই এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানানো হয় ।

আসাম মন্ত্রীসভায় রামেশ্বর তেলীকে রূপান্তর ও উন্নয়ন , শ্রম কল্যাণ , চা-জনগোষ্ঠী এবং আদিবাসী কল্যাণ বিভাগের , অতুল বরাকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন , আসাম চুক্তি রূপায়ন , সীমান্ত সুরক্ষা এবং আবগারী বিভাগের দায়িত্ব অর্পণ করা হয়েছে । একই ভাবে মন্ত্রী চরণ বড়োকে পরিবহন ,

বড়োল্যান্ড কল্যাণ বিভাগ ও অজন্তা নেওয়গকে মহিলা ও শিশু কল্যাণ বিকাশ সহ পর্যটন বিভাগের দায়িত্ব প্রদান করা হয়েছে ।

---

কাছাড় পুলিশের গুলিতে নিষিদ্ধ ঘোষিত উগ্রপন্থী সংগঠন ইউনাইটেড কুকি লিবারেশন আর্মির সদস্য তথা ড্রাগস মাফিয়া সাইলেন ডংগল নিহত হয়েছে । আসাম-মণিপুর সীমান্ত অঞ্চলের জিরিঘাটে ড্রাগস মাফিয়াকে লক্ষ্য করে গুলি চালালে সাইলেন ডংগলের মৃত্যু হয় । এ ঘটনায় নবজিৎ তাঁতি ও সন্তোষ বিশ্বাস নামের দু জন পুলিশ কর্মী গুরুতর আহত হয়েছেন । জেলার প্রবীন পুলিশ সুপার সঞ্জীব শইকিয়া জানান যে কয়েক দিন পূর্বে জিরিঘাট অঞ্চলে ড্রাগস চক্রের গুলি চালানোয় পুলিশ কর্মী শরীফ হোসেন গুরুতরভাবে আহত হয়েছিলেন । সেই ঘটনার পর পুলিশ অঞ্চলটিতে তীব্র তল্লাসি ও অভিযান শুরু করে । অভিযানে গত বুধবার রাতে জিরিঘাটের বোমা পুঞ্জী এলাকায় সাইলেন ডংগলের মৃত্যু হয়েছে ।

---

সঙ্গীত শিল্পী জুবিন গার্গের মৃত্যু মামলায় অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন আবেদন আজ গৌহাটী হাই কোর্টের বিচারপতি মিতালী বরঠাকুরিয়ার বিচারপীঠে শুনানির জন্য গ্রহণ করা হবে । এর আগে গৌহাটী হাই কোর্টের বিচারপতি পার্থিব জ্যোতি শইকীয়ার বিচারপীঠ অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিনের জন্য অনুরোধ জানিয়ে দাখিল করা আবেদনটি শুনানির জন্য গ্রহণ করতে অস্বীকার করে । বিচারপীঠ এর পরিবর্তে অভিযুক্তের জামিন আবেদন হাই কোর্টের অন্য বিচারপীঠে তালিকাভুক্ত করতে নির্দেশ দেয় ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে শিলচর ,গুয়াহাটী সহ সমগ্র রাজ্যে আজ বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে । এছাড়া আগামী দু দিনও রাজ্যে ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে । পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে রাজ্য দূর্যোগ মোকাবিলা বিভাগকে যাবতীয় প্রস্তুতি ও সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছে ।

---

কাজিরঙ্গা জাতীয় উদ্যোন আগামী ২৫শে মে থেকে পর্যটকদের জন্য বন্ধ থাকবে । প্রতিকূল আবহাওয়া এবং জাতীয় উদ্যোনের ভিতরের এলাকাগুলির প্রতি লক্ষ্য রেখে উদ্যোন কর্তৃপক্ষ এই সিদ্ধান্ত নিয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় আসন্ন বর্ষার মরশুমকে সামনে রেখে জেলা প্রশাসনের উদ্যোগে ব্যাপক প্রস্তুতি গ্রহন করা হচ্ছে । জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে গত বুধবার এ উপলক্ষ্যে আয়োজিত একটি প্রস্তুতি সভায় সম্ভাব্য বন্যা পরিস্থিতি মোকাবিলায় বিভিন্ন প্রতিরোধমূলক পদক্ষেপ , ত্রান সামগ্রীর পর্যাপ্ত মজুত , উদ্ধার কার্যসূচী এবং বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় রক্ষার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় জেলা আয়ুক্ত শ্রীজৈন বন্যার সময় সাধারণ মানুষের জীবন ও সম্পত্তি রক্ষায় আগাম নজরদারী জোরদার করা ও প্রয়োজনীয় সরঞ্জাম প্রস্তুত রাখতে নির্দেশ দিয়েছেন ।

---

আসাম পশু চিকিৎসা এবং মৎস্য বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৬-২৭ শিক্ষা বর্ষের জন্য প্রথম বছরের স্নাতক পাঠ্যক্রমে নামভর্তি সি ইউ ই টি-২০২৬ এর মেধার ভিত্তিতে অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক ডক্টর বি কে শর্মা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.aau.ac.in](http://www.aau.ac.in) এবং [www.avfu.ac.in](http://www.avfu.ac.in) এ শিক্ষার্থীর সব তথ্য লাভ করে অনলাইনে আবেদন করতে পারবে।

---

---